## নিয়োগ বিজ্ঞপ্তি

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসের স্থায়ী ১ (এক)টি শূন্য সেকশন অফিসার (রিপোর্টিং) পদ পূরণের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর পাশ হতে হবে। প্রার্থীকে কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনসংযোগ অফিসে চাকরি অথবা গণমাধ্যমে রিপোর্টার হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজিতে স্বাধীনভাবে প্রেস রিলিজ তৈরি, ডাটাবেজ, ইন্টারনেট, ওয়ার্ড প্রসেসিং, গ্রাফিক ডিজাইন এবং প্রকাশনার ক্ষেত্রে দক্ষ ও পারদর্শী হতে হবে। প্রার্থীকে এসএসসি ও এইচএসসি/ সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩ সহ স্নাতকোত্তর পাস হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণ সহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ/অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ৩০-০৯-**২০২৫** তারিখের মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদসমূহ আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।